## ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

# প্রতিযোগিতা নির্দেশিকা

## বিষয়ঃ সংগীত

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য "**উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে ‘সংগীত প্রতিযোগিতা’সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ০৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'সংগীত প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'সংগীত প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**বর্ণনাঃ**

‘সংগীত প্রতিযোগিতা’ অংশগ্রহণকারীদের স্থানীয় খাদ্য ব্যবস্থা এবং পুষ্টি সম্পর্কিত সংগীত পরিবেশন করার সুযোগ দেয়। অংশগ্রহণকারীরা পুষ্টির সংবেদনশীল থিম প্রচারের জন্য লোকগীতি বা জনপ্রিয় সংগীত পরিবেশন করতে পারবেন।

**বয়স গ্রুপঃ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ ক:** উন্নত পুষ্টির জন্য ছোট্ট কণ্ঠস্বর

**গ্রুপ খ:** নিরাপদ ও পুষ্টিকর খাদ্যের জন্য গান

**গ্রুপ গ:** বেসরকারি খাত, শক্তিশালী পুষ্টি, উজ্জ্বল ভবিষ্যৎ

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে নিবন্ধন ফরম পূরণ করতে হবে এবং নিবন্ধনের সময় 'সংগীত প্রতিযোগিতা 'নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা এককভাবে অথবা সর্বোচ্চ ৩ (তিন) সদস্যের দল হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারী, তার অভিভাবক অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্যপ্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে 'সংগীত প্রতিযোগিতা 'নির্বাচন করুন।

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2026

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**সংগীত  প্রতিযোগিতার নির্দেশিকা:**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল

2. **সংগীত প্রতিযোগিতার কাঠামো:**

| সময় | বিষয়বস্তু |
|---|---|
| ১৫ সেকেন্ড | নিজেকে পরিচয় দিন (নাম,বয়স,এলাকা) |
| ১৫ সেকেন্ড | সংগীতের নাম এবং বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত ব্যাখ্যা দিন |
| ২ মিনিট | সংগীত পরিবেশন করুন |

3. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি।
4. **জমা ও নির্বাচন প্রক্রিয়া:** অংশগ্রহণকারীরা গুগল ফর্ম/ইমেইলের মাধ্যমে কর্মপরিকল্পনা (পিডিএফ) জমা দেবেন (ইমেইলের বিষয়বস্তুতে ‘সংগীত প্রতিযোগিতা ‘উল্লেখ করে)

**প্রাথমিক বাছাই:**

- একক এবং দল (সর্বাধিক ৩ সদস্য) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারীরা একত্রিত হতে পারবে।
- প্রতিযোগীরা তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষকদের উপস্থিতিতে সংগীত প্রতিযোগিতা পরিচালনা করবে।

- প্রতিষ্ঠান ৩ টি শ্রেষ্ঠ সংগীত নির্বাচন করবে এবং গুগল ফর্ম বা ইমেইল দ্বারা ভিডিও জমা দিবে।
- অংশগ্রহণকারীরা নিবন্ধন সময়েও একইভাবে ভিডিও জমা দিতে পারবেন।

**চূড়ান্ত বাছাই:**

- প্রতিটি বয়স গ্রুপ থেকে শীর্ষ ৫ জন অংশগ্রহণকারী INO ২০২৬ -এ তাদের সংগীত পরিবেশন করবে এবং বিচারকমন্ডলী প্রতিটি বয়স গ্রুপ থেকে শীর্ষ ৩ জন বিজয়ী নির্বাচন করবে।

**স্কোরঃ**

| ক্রম | ধরণ | নাম্বার |
|---|---|---|
| ০১ | সংগীতের বিষয় | ২৫ |
| ০২ | সংগীতের গঠন এবং সুর | ৩০ |
| ০৩ | মূল বিষয়টির উপস্থাপনা | ৩০ |
| ০৪ | নিয়ম অনুসরণ | ১৫ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যেকোনো ধরনের অসদাচরণের ফলে অযোগ্য ঘোষণা করা হবে।
- আন্তর্জাতিক পুষ্টি অলিম্পিয়াড ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।
- ভিডিও এবং অডিও এর গুণগতমান স্পষ্ট হতে হবে।
- নির্বাচিত কাজগুলো INO, নিউট্রিশন ক্লাব এবং BIID ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করা যাবে।

**যোগাযোগঃ**

'সংগীত প্রতিযোগিতা' সম্পর্কে আপনার যে কোন প্রশ্ন বা তথ্যের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি (তিন) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**